UNIT

ALL INDIA RADIO, AGARTALA Date: 13-03-2024

Time: 07.35-07.40 AM Hrs BENGALI MORNING BULLETIN

### CM, Jirania:

রাজ্যে উন্নত স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণে সরকার অগ্রাধিকার দিয়েছে। এই লক্ষ্যে জেলা মহকুমা ও গ্রামীন এলাকাগুলোতে উন্নত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। গতকাল ৫০ শয্যা বিশিষ্ট জিরানিয়া মহকুমা হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা একথা বলেন। এই উপলক্ষে জিরানিয়া ব্লক চৌমুহনীস্থিত পুরাতন স্বাস্থ্য কেন্দ্রের প্রাঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, আজ জিরানিয়াবাসীর দীর্ঘদিনের স্বপ্ন বাস্তবায়িত হতে যাচ্ছে। এই মহকুমা হাসপাতাল নির্মাণে ব্যয় হবে ৪১ কোটি ৫৩ লক্ষ টাকা। এই মহকুমা হাসপাতালে ১৬টি স্টাফ কোয়াটার সহ হাসপাতালের যাবতীয় প্রয়োজনীয় পরিকাঠামো নির্মাণ করা হবে।

\*\*\*\*\*

# NSS Special Camp:

সাব্রুমের মাইকেল মধূসুদন দত্ত কলেজে গতকাল থেকে শুরু হয়েছে জাতীয় সেবা প্রকল্পের সাতদিনের বিশেষ শিবির। প্রদীপ জ্বালিয়ে শিবিরের সূচনা করেন বিধায়ক মাইলাফ্রু মগ। শিবিরে ৫০ জন স্বেচ্ছাসেবী অংশ নিয়েছেন। উদ্বোধনী বক্তব্যে বিধায়ক মাইলাফ্রু মগ, নেশার বিরুদ্ধে সরব হতে ছাত্র– ছাত্রীদের প্রতি আহ্বান জানান।

\*\*\*\*\*

### CM, Nagerjala:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল নাগেরজলায় আধুনিক বাস টারমিনালের উদ্বোধন করে বলেন, সচেতনভাবে গাড়ি চালালে দুর্ঘটনা এড়ানো অনেকটাই সহজ। তিনি বলেন এই বাস টার্মিনালটি আগামীদিনে যাত্রী পরিষেবায় নতুন মাত্রা যোগ করবে। এই বাসস্ট্যান্ডটি উন্নতিকরনের জন্য ১৬ কোটি ৮৮ লক্ষ টাকা খরচ হয়েছে। অনুষ্ঠানে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, দুর্ঘটনা রোধে সাধারণ জনগণকে আরো বেশি সচেতন হতে হবে।

\*\*\*\*\*\*

#### PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইন্ডিয়াস টেকডে চিপস ফর বিকশিত ভারতে অংশগ্রহণ করবেন এবং আজ সকাল সাড়ে দশটায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রায় ১.২৫ লক্ষ কোটি টাকার তিনটি সেমিকন্ডাক্টর প্রকল্পে প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এই উপলক্ষে সারাদেশের যুবসমাজের উদ্দেশ্যে ভাষণও দেবেন প্রধানমন্ত্রী।

দেশের যুবকদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে তথা ভারতকে সেমিকন্ডাক্টর ডিজাইন উৎপাদন ও প্রযুক্তি বিকাশের জন্য বিশ্বব্যাপী কেন্দ্র হিসেবে স্থাপন করা প্রধানমন্ত্রী পরিকল্পনা সঙ্গে সাযুজ্য রেখে গুজরাটের ঢোলেরা স্পেশাল ইনভেসমেন্ট রিজিয়নে, আসামের মরিগাঁওয়ে আউটসোর্সড সেমিকন্ডাক্টর অ্যাসেম্বলি এন্ড টেস্ট সুবিধা এবং গুজরাটে সানন্দে আউটসোর্সড সেমিকন্ডাক্টর অ্যাসেম্বলি এন্ড টেস্ট-এ তিনটি সেমিকন্ডাক্টর ফোব্রিকেশন ফেসিলিটির শিলান্যাস করা হচ্ছে।

\*\*\*\*\*

#### Bikash Debbarma:

জনজাতি অংশের ছাত্রছাত্রীদের গুনগত শিক্ষায় শিক্ষিত করে তুলতে সরকার উদ্যোগ নিয়েছে। জনজাতি অংশের ছাত্রছাত্রীদের মেধা পুরস্কার দেওয়া এই উদ্যোগেরই অঙ্গ। গতকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে জনজাতি ছাত্রছাত্রীদের মধ্যে রাজ্যভিত্তিক মেধা পুরস্কার বিতরণ ২০২৩–২৪ অনুষ্ঠানে

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। অনুষ্ঠানে তিনি আশা প্রকাশ করেন, যারা মেধা পুরস্কার পেয়েছে তারা শিক্ষিত হয়ে আগামীদিনে রাজ্য ও দেশের নাম উজ্জ্বল করবে। তিনি বলেন, স্টাডি লোন ৫ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ১০ লক্ষ টাকা করা হয়েছে। ছাত্রছাত্রীদের জন্য স্টাইপেন্ড, স্কলারশিপেরও ব্যবস্থা করা হয়েছে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন, জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তাএস প্রভূ।

\*\*\*\*\*\*

## Vidya Samikha Kendra-CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল আগরতলায় শিশু বিহার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পুরাতন কমপ্লেক্সে বিদ্যা সমীক্ষা কেন্দ্রের উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বিদ্যা সমীক্ষা কেন্দ্রের মাধ্যমে সরকারি নীতির বাস্তবায়ন, শিক্ষার সঠিক মূল্যায়ন, ছাত্রছাত্রীদের মানসিক বিকাশ দুত ফলপ্রসূ হবে। অনুষ্ঠানে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার বুনিয়াদি শিক্ষা অধিকর্তা স্মিতা মল এবং সমগ্র শিক্ষার রাজ্য প্রকল্প অধিকর্তা এন সি শর্মা বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

#### Bikash Debbarma-2:

শিক্ষা ছাড়া সমাজ তথা দেশের উন্নতি সম্ভব নয়। জনজাতি অংশের মানুষের কল্যাণ ও জনজাতি অধ্যুষিত এলাকায় উন্নত শিক্ষার পরিকাঠামো গড়ে তুলতে সরকার পদক্ষেপ নিয়েছে। গতকাল মুঙ্গিয়াকামী ব্লকের আঠারোমুড়া ভিলেজের বিলাধন রিয়াং চৌধুরী পাড়া হাইস্কুলের ৫০ শয্যা বিশিষ্ট ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং মুঙ্গিয়াকামী ব্লকের উত্তর মহারানী ভিলেজের বলরাম কোবরা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ১০০ শয্যা বিশিষ্ট ছাত্রী আবাসের ভিত্তিপ্রস্থ স্থাপন করে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। দুটি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বকাশ দেববর্মা বলেন, গুণগত শিক্ষার প্রসারের উপর রাজ্যের বর্তমান সরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছেন।

\*\*\*\*\*\*

#### CM Dr. Manik Saha:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গতকাল রাতে জানিয়েছেন, আগরতলা থেকে নিখোঁজ দুই ছাত্রকে মুম্বাই থেকে উদ্ধার করা হয়েছে। তাদের আগরতলায় ফিরিয়ে এনে নিজ নিজ পরিবারের হাতে তুলে দেওয়া হবে। পশ্চিম জেলার এসপি কিরন কুমার কে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, গত ৭ মার্চ শহরের একটি স্কুলের অস্টম শ্রেণীর দুই ছাত্র নিখোঁজের পর থেকেই তাদের তল্লাশি শুরু হয়। মুম্বাইয়ে ছত্রপতি শিবাজি টার্মিনালে তাদের উদ্ধার করা হয়েছে। ত্রিপুরা পুলিশের একটি টিম তাদের মুম্বাই থেকে নিয়ে আসবে।

\*\*\*\*\*

#### Weather:

আজকের আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি।

\*\*\*\*\*\*

\*\*\*\*\*\*